# OVS

## আচরণ বিধি

2021

# ভূমিকা

প্রাকৃতিক ও সামাজিক ব্যবস্থার সাথে সমন্বয়পূর্ণ উন্নতির লক্ষ্যে ফলদায়ক মডেলসমূহ প্রস্তুত করা হল প্রত্যেক অর্থনৈতিক অপারেটরের উদ্দেশ্য। সময়ের সাথে সাথে, দীর্ঘ মেয়াদি উন্নতিকল্পে সক্ষম হতে এটি একটি মৌলিক শর্ত হয়েও উঠেছে।

এই কারণে OVS ফ্যাক্টরির কাজের পরিবেশের মান এবং উৎপাদন স্থানগুলির অর্থনৈতিক উন্নতি সাধনের সাথে সাথে ব্যবসায়ে কার্যকরী সহায়তাদান, পরিবেশ এবং স্থানীয় সম্প্রদায়ের উপরে একটি ইতিবাচক প্রভাব সৃষ্টি করার যৌথ উদ্দেশ্যের উপর ভিত্তি করে সরবরাহ সম্পর্কগুলি গঠন করতে চায়।

এই আচরণ বিধিটি সররাহকারীদের জন্য কিছু নির্দিষ্ট বাধ্যবাধক আবশ্যকতা বর্ণনা করার লক্ষ্য নেয়, যেখানে স্বচ্ছতা এবং পরিবেশ ও সামাজিক স্থায়িত্ব বজায় রাখার জন্য তাদের কার্যাভ্যাসের নিরন্তর উন্নতির সন্ধান করা হয়।

সমস্ত অংশীদার যারা আমাদের মূল্যবোধে বিশ্বাস রাখেন এবং আমাদের সাথে বড় হতে চান তাদের মধ্যে সর্বোচ্চ বিশ্বাসযোগ্যতার সাথে উপযুক্ত, সহযোগিতার সম্পর্ক গড়ে তুলতে স্থায়ী কার্যাভ্যাস গ্রহণ করলে তা সহায়ক হয়।

এই নথিতে কার্যকরীভাবে করপোরেট মিশনের গোড়ায় থাকা স্থায়ীত্বের নীতিগুলি বিবৃত হয়েছে, যা প্রধানতঃ এটির প্রচার এবং সরবরাহ শৃঙ্খলের অভ্যন্তরে অংশীদারিত্বের উন্নতি ঘটায়।
তিনটি মৌলিক ক্ষেত্রের সাপেক্ষে আমরা একটি আচরণের মান সনাক্ত করেছি:

- কর্মী
- পরিবেশ
- মান্যতা এবং স্বচ্ছতা

বিধানগুলি আর্ন্তজাতিক মানসমূহ, বিবিধ জাতীয় নীতিসমূহ, শিশুদের অধিকার বিষয়ক UN কনভেনশন, দি ইউনিভার্সাল ডিক্লেয়ারেশন অব হিউম্যান রাইটস, ILO কনভেনশন এবং শিল্পক্ষেত্রের সর্বোত্তম কার্যাভ্যাসগুলি থেকে অনুপ্রেরণা নেয়।

OVS-এর সাথে যে কোনো ব্যবসায়িক সম্পর্ক এবং অংশীদারিত্ব গড়ে তোলা ও আরো নিবিড় করে তোলার জন্য এই বিধির অন্তর্ভুক্ত নীতিসমূহের প্রতি শ্রদ্ধা প্রদর্শন একটি মৌলিক শর্ত।

এই কোড বা বিধিতে বর্ণিত নীতিগুলি সম্বন্ধে, প্রত্যেক সরবরাহকারী অবশ্যই তাদের উপ-ঠিকাদার এবং উপ-সরবরাহকারীগণের গ্যারান্টার বা জামিনদার হিসাবে কাজ করবেন, যাতে এই বিধিতে উল্লিখিত শর্তগুলির পালন ও অতিক্রমণ অনুসারে সেগুলিকে ধারাক্রমে পর্যবেক্ষণ করা যায়।

যদি OVS সরবরাহ শৃঙ্খলের কোন সত্তা উপরোক্ত মতে কার্যপালন না করে, তাহলে মূলতঃ কর্মীগণের (বিশেষভাবে তরুণ ব্যক্তিগণ) স্বার্থ এবং যে সামাজিক ও অর্থনৈতিক অবস্থার মধ্যে তারা বসবাস করেন তার উপরে ভিত্তি করে সংশোধনী ব্যবস্থা নিতে OVS  অঙ্গীকারবদ্ধ।

# সারাংশ

ভূমিকা 2
কর্মী 4
1. কর্মীদের সাথে সম্পর্ক 4
2. শিশু শ্রম এবং তরুণ কর্মীগণ 4
3. বলপূর্বক শ্রম, হয়রানি এবং গালিগালাজ 5
4. বৈষম্যসমূহ 5
5. সমিতি গঠনের স্বাধীনতা 5
6. পারিশ্রমিক এবং কাজের সময় 6
7. স্বাস্থ্য এবং নিরাপত্তা 6
8. জনসমাজ 7
পরিবেশ 8
9. পরিবেশগত প্রভাব 8
10. রাসায়নিক এবং বিপজ্জনক পদার্থসমূহ 8
11. বর্জ্য ব্যবস্থাপনা 8
12. জল ব্যবস্থাপনা 9
13. বায়ুমন্ডলে নির্গমন 9
14. অঞ্চলটির উপরে পরিবেশগত প্রভাব 9
15. অধিকতর টেকসই উপাদান 9
মান্যতা এবং স্বচ্ছতা 11
16. মান্যতা 11
17. দুর্নীতি 11
18. স্বচ্ছতা এবং সহযোগিতা 11
19. হিসাব পরীক্ষা 11
20. বিধিটির প্রয়োগ 12

# কর্মী

বাক স্বাধীনতা, বৈচিত্র্য, সমস্ত ব্যক্তির প্রতি শ্রদ্ধা এবং সহিষ্ণুতা প্রদর্শন হল আমাদের মৌলিক মূল্যবোধ: আমরা দৈনন্দিন ভিত্তিতে তা সুনিশ্চিত করি এবং এর প্রচার করি।

প্রতিটি ব্যক্তির একটি নিরাপদ, আরামদায়ক এবং সহযোগিতাপূর্ণ কাজের পরিবেশে নিজের সম্পূর্ণ সম্ভাবনায় উপনীত হওয়ার সুযোগ অবশ্যই থাকা উচিত।

প্রতিটি ব্যক্তির সম্ভাবনা এবং প্রতিভার বিকাশের জন্য পরিকল্পিত প্রশিক্ষণ কোর্সগুলির সহায়তায়, পেশাদারী এবং ব্যক্তিগত স্তরে ব্যক্তিগত উন্নতিকে আমরা অপরিহার্য বলে বিবেচনা করি।

আমরা প্রত্যেক ব্যক্তির মূল্য বুঝি, এবং প্রত্যেককে সমান সুযোগ প্রদান করি। OVS যে কোন প্রকারের বৈষম্য বা হুমকির নিন্দা করে।

**1.** কর্মীদের সাথে সম্পর্ক

1.1. OVS আচরণ বিধি অবশ্যই প্রকাশ করতে হবে এবং যেন অবশ্যই সমস্ত কর্মচারীর নিকট প্রাপ্ত হয়, এবং কর্মীদের বোধগম্য ভাষায় প্রদান করা হয়।

1.2. প্রতিটি কর্মী যে তাদের আইনি অধিকার এবং কর্তব্য সম্বন্ধে জানেন তা সুনিশ্চিত করা নিয়োগকর্তার দায়িত্ব। শ্রম নিয়ন্ত্রণকারী স্থানীয় আইনগুলি যেন অবশ্যই সমস্ত কর্মীদের নিকট প্রাপ্তিসাধ্য হয় (যেমন ন্যূনতম বেতন, কাজের ঘন্টা, এবং বাড়তি কাজের সময়ের সীমা সংক্রান্ত বিধিনিয়মগুলি)।

1.3. সমস্ত কর্মীকে অবশ্যই একটি লিখিত কর্মনিয়োগ চুক্তিপত্রের মাধ্যমে নিয়োগ করতে হবে যা চাকরির নিয়ম ও শর্তাবলী ধার্য করে, যা অবশ্যই স্থানীয় ভাষায় লিখিত হবে এবং কর্মীর দ্বারা সাক্ষরিত হবে।

1.4. আইনগতভাবে প্রয়োজনীয় বিষয়গুলি ছাড়া পেশাদারী দক্ষতা, কল্যাণমূলক কার্যক্রম ও পরিষেবাগুলির উন্নতিকল্পে প্রশিক্ষণ কোর্সগুলির মাধ্যমে কর্মীদের কাজের মান ধীরে ধীরে বৃদ্ধি করার সাহায্যে তাদের উন্নীত করার দায়িত্ব সরবরাহকারীদের উপরে বর্তায়।

1.5. কোনও শ্রমিককে তাদের কাজের অধিকারের জন্য অর্থ দিতে হবে না; শ্রমিকরা কাজ করার জন্য নিয়োগের ফি হিসাবে কোনোভাবেই কোনো পরিমাণ অর্থ প্রদান করবেন না এবং যদি এমন কিছু হয়ে থাকে সেক্ষেত্রে নিয়োগকর্তা শ্রমিককে সেই অর্থ ফেরত দেওয়ার জন্য বাধ্য থাকবেন। শ্রমিকদের কাজ করতে সক্ষম হওয়ার জন্য নিয়োগকর্তা বা এজেন্সির কাছে কোনও পরিমাণ অর্থ বা পরিচয়পত্রের নথি জমা করতে হবে না। প্রতিটি শ্রমিক যুক্তিসঙ্গত নোটিশ দেওয়ার পরে তাদের পদ থেকে পদত্যাগ করতে পারেন।

1.6. বৈধ বসবাসের অনুমতি পরীক্ষার মাধ্যমে, বিদেশী/অভিবাসী শ্রমিকদের এই দেশে কাজ করার বৈধ অধিকার আগে থেকে যাচাইকরণ না করে, তাদের নিয়োগ করা কঠোরভাবে নিষিদ্ধ।

**2.** শিশু শ্রম এবং তরুণ কর্মীগণ [1]

2.1. ILO কনভেনশন নম্বর 138 এবং 142 অনুযায়ী, OVS সরবরাহকারীরা শুধুমাত্র স্থানীয় আইন অনুসারে, ন্যূনতম বয়ঃপ্রাপ্ত ব্যক্তিদেরই চাকরিতে নিয়োগ করতে পারেন।

---

[1] শিশুর অধিকার সম্বন্ধে ইউনাইটেড নেশনস কনভেনশন। একটি শিশুর সংজ্ঞায় বলা হয়েছে যে *"18 বছরের কম যে কোন ব্যক্তি, যদি না শিশুটির ক্ষেত্রে প্রযোজ্য আইন অনুসারে, তুলনায় কম বয়সে পূর্ণ বয়সে পৌঁছে যায়।", ILO কনভেনশন নম্বর 138 এবং 142*

2.2. সমস্ত তরুণ কর্মী যাদের বয়স, ন্যূনতম আইনসম্মত বয়স ও 18 বছরের মধ্যে, তাদের অবশ্যই সনাক্ত করে নাম নথিভুক্ত করতে হবে; তাদের বিপজ্জনক কাজে, বাড়তি সময়ের কাজে বা রাতের শিফটের কাজে রাখা যাবে না। কাজকর্ম যেন অবশ্যই তাদের শিক্ষা বা স্বাস্থ্য, বা তাদের শারীরিক, মানসিক, আধ্যাত্মিক, নৈতিক বা সামাজিক বিকাশে কোনো ব্যাঘাত না ঘটায়।

2.3. কোম্পানীতে কাজের স্থলে তরুণ কর্মীদের সহজে সনাক্তকরণের জন্য বিশিষ্ট ইউনিফর্ম, ব্যাজ, বা তাদের সহজে সনাক্তকরণের জন্য অন্য কোনো কোন উপযুক্ত বিবেচিত ব্যবস্থা অবশ্যই থাকতে হবে।

**3.** বলপূর্বক শ্রম, হয়রানি এবং গালিগালাজ[2]

3.1. OVS সরবরাহকারীরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনোপ্রকার বলপূর্বক শ্রম ব্যবহার করবেন না। এর মধ্যে আছে, হুমকি দিয়ে কাজ করানো, অসম্মত কারাবন্দীদের ব্যবহার করা, তথাকথিত 'সুমঙ্গলি স্কীম *(Sumangali Scheme)'* ব্যবহার করা এবং বিশেষ করে ঋণ পরিশোধের জন্য চুক্তিভুক্ত শ্রমিকের কাজ করানো নিষিদ্ধ।

3.2. OVS সরবরাহকারীদের অবশ্যই প্রত্যেক শ্রমিকের সাথে সম্মান এবং মর্যাদার সাথে ব্যবহার করতে হবে, এবং সমস্ত প্রকারের শারীরিক, যৌন, মানসিক বা মৌখিক অব্যবহার নিষিদ্ধ করতে হবে।

3.3. সুরক্ষা কর্মীদের দ্বারা কোনোপ্রকার হয়রানি ও দুর্ব্যবহারের অগ্রহণযোগ্যতা, এবং কোনো ঘটনার রিপোর্ট করতে কর্মচারীদের জন্য কার্যপ্রণালীগুলি সম্পর্কে OVS সরবরাহকারীদের কাছে অবশ্যই সুস্পষ্ট নীতি থাকতে হবে।

3.4. শ্রমিকদের কোনোপ্রকার বেআইনি জরিমানা করা যাবে না বা এমন কোন শাস্তি দেওয়া যাবে না যাতে ব্যক্তিবিশেষ হিসাবে তাদের মর্যাদা ক্ষুণ্ণ হয়।

3.5. চাকরির সম্পর্ক পরিচালনা সংক্রান্ত আইনের দ্বারা প্রদত্ত প্রণালীগুলির আবশ্যকতা ব্যতিরেকে, শ্রমিকরা কোনোপ্রকার গা-জোয়ারি ছাড়াই কর্মস্থল এবং/বা কোম্পানী ছেড়ে যেতে পারবে।

3.6. নিয়োগকারীরা কোনোভাবেই কর্মীদের পরিচয়পত্র নথিগুলি আটকে রাখতে পারবে না।

3.7. কর্মচারী নিয়োগে যদি কোনো তৃতীয়পক্ষ উপ-ঠিকাদার বা কোনো সংস্থা নিযুক্ত থাকে তাহলে তাদের উপরেও OVS সরবরাহকারীদের নজর রাখতে হবে, যাতে সুনিশ্চিত করা যায় যে তাদের দ্বারা নিয়োজিত ব্যক্তিরা চাপ, প্রতারণা, হুমকি, বা ব্লাক-মেইলের শিকার হয়ে কাজ করতে বাধ্য হচ্ছেন না।

[2] *ILO* কনভেনশন নম্বর *29, 105* এবং *182* ।

**4.** বৈষম্যসমূহ[3]

4.1. কোনোপ্রকার লিঙ্গ, জাতি, অক্ষমতা, অসুস্থতা, যৌন প্রবণতা, রাজনৈতিক অন্তর্ভুক্তি বা ধর্মের ভিত্তিতে কর্মীদের কাজ সম্পাদন, বা কর্মনিয়োগ প্রক্রিয়া, পারিশ্রমিক প্রদান, কাজ বন্টন, কর্মজীবনের উন্নতি, প্রশিক্ষণপ্রাপ্তি এবং বরখাস্তকরণের ক্ষেত্রে বৈষম্য করা যাবে না।

4.2. কর্মনিয়োগের সমান সুযোগ সংক্রান্ত নীতির ভিত্তিতে সমস্ত কর্মনিয়োগের সিদ্ধান্ত নিতে হবে, যার মধ্যে অবশ্যই যে কোনো প্রকার বৈষম্যের বিরুদ্ধে অভিবাসী, অস্থায়ী বা মরশুমি কর্মীদের সুরক্ষার জন্য কার্যকরী ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে হবে।

4.3. বিশেষভাবে মহিলাদের ক্ষেত্রে, সম্ভাব্য গর্ভাবস্থার (যেমন গর্ভাবস্থা পরীক্ষা সংক্রান্ত অনুরোধ এবং/বা নিয়োগের সময়ে মানসিক চাপ এবং/বা চাকরীর কাজের সম্পর্কের সময়ে) ভিত্তিতে কোনো বৈষম্য করা নিষিদ্ধ।

**5.** সমিতি গঠনের স্বাধীনতা[4]

5.1. OVS সরবরাহকারীরা অবশ্যই কর্মীদের তাদের নিজস্ব ইচ্ছা অনুযায়ী যে কোনো ট্রেড ইউনিয়ন বা সমিতিতে যোগদানের, এবং যৌথ দরকষাকষি চুক্তিতে অংশ নেওয়ার অধিকার সুনিশ্চিত করবেন যা তারা যে দেশে কাজ করেন সেখানের আইনের দ্বারা অনুমোদিত।

5.2. কোনো ক্ষেত্রে যদি সমিতি গঠনের স্বাধীনতা এবং যৌথ দরকষাকষি, আইন দ্বারা নিয়ন্ত্রিত না হয়, তাহলে সরবরাহকারী তার কর্মচারীদের জন্য একই প্রকারের অবাধ সমিতি গঠনের ব্যবস্থা করবে।

**6.** পারিশ্রমিক এবং কাজের সময়[5]

6.1. সমস্ত কর্মীর বেতন অবশ্যই জাতীয় আইন অনুযায়ী বা যৌথ দরকষাকষি চুক্তির সাপেক্ষে ন্যূনতম বেতন হতে হবে, যদি পরেরটি আইন অনুসারে ন্যূনতম বেতন অপেক্ষা বেশি হয়।

6.2. অনুচ্ছেদ 6.1–এ উল্লিখিত বিষয় ছাড়াও, OVS সরবরাহকারীরা যে দেশে কাজ করবেন সেখানের ন্যায্য বেতনের (জীবনযাত্রার খরচ বিবেচনা করে) ব্যাপারে কোনো বিশ্বাসযোগ্য নথি থাকলে, কর্মীদের বেতন যেন উক্ত ন্যূনতম মাত্রায় হয়। নিয়োগকর্তাকে অবশ্যই একটি বেতন পরিকাঠামো (পে স্ট্রাকচার) বাস্তবায়িত করতে হবে যেখানে দক্ষতা এবং দায়িত্ব একই লেভেলে থাকবে সেখানে কোনও জেন্ডার পে গ্যাপ থাকবে না।

6.3. OVS সরবরাহকারীরা অবশ্যই কর্মীদের সাধারণ ও ওভারটাইম পারিশ্রমিকের হিসাবে, স্থানীয় আইন এবং কোনো যৌথ চুক্তি থাকলে সেই অনুসারে উপযুক্ত সময়ে সঠিক বেতন প্রদান করবেন। সমস্ত শ্রমিক যেন অবশ্যই একটি স্পষ্টভাবে-ব্যক্ত লিখিত বেতনের চেক পান।

---

[3] *ILO* কনভেনশন নম্বর *100* এবং *111* ।

[4] *ILO* কনভেনশন নম্বর *87, 98* এবং *135* ।

[5] *ILO* কনভেনশন নম্বর *1, 26* এবং *131* ।, ইউনিভার্সাল ডিক্লেয়ারেশন অফ হিউম্যান রাইটস-এর আর্টিকেল *23 (3)* “প্রত্যেক কর্মরত ব্যক্তির তার নিজের এবং পরিবারের বাচাঁর জন্য মানবীয় মর্যাদা অনুসারে সঠিক এবং উপযুক্ত পারশ্রমিক পাওয়ার, এবং প্রয়োজন হলে, পরিপূরক হিসাবে, অন্য কোনো উপায়ে সামাজিক সুরক্ষা পাওয়ার অধিকার আছে। “

6.4. প্রযোজ্য স্থানীয় আইনের সাপেক্ষে, সাধারণ কার্য সময়ের ভিত্তিতে কাজের সময় যেন 48 ঘন্টার বেশি না হয় এবং বাড়তি সময়ের কাজ যেন 12 ঘন্টার বেশি না হয়।

6.5. বাড়তি সময়ের কাজ যেন অবশ্যই যৌথ সহমতে করা হয় এবং নিয়মিত পারিশ্রমিকের থেকে কমপক্ষে 125% বেশি হারে পারিশ্রমিক প্রদান করতে হবে। কর্মীরা যেন অবশ্যই প্রতি সাত দিনে কমপক্ষে 24 ঘন্টার টানা বিশ্রাম পান।

6.6. OVS সরবরাহকারীরা অবশ্যই তাদের কর্মীদের স্থানীয় ছুটিগুলি উপভোগ করার অধিকারকে অবশ্যই গ্যারান্টি দেবে, যেমন আইন আছে, পাশাপাশি বার্ষিক বেতনের ছুটি এবং যেখানে প্রয়োজন সেখানে অসুস্থতা ছুটি এবং পিতামাতার ছুটি। পিতামাতার ছুটিতে শ্রমিকদের একই শর্ত এবং বেনিফিট সহ ছুটি নেওয়ার আগে তাদের অবস্থানে ফিরে আসার গ্যারান্টিযুক্ত অধিকার থাকতে হবে।

**7.** স্বাস্থ্য এবং নিরাপত্তা[6]

7.1. স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্বন্ধে সমস্ত স্থানীয় আইন যেন অবশ্যই মেনে চলা হয়।

7.2. সমস্ত কর্মীদের যেন একটি নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মস্থল থাকে: বছরের সমস্ত ঋতুতে যেন পরিবেশের তাপমাত্রা এবং হাওয়া চলাচল অবশ্যই যথেষ্ট হয়; কাজের সমস্ত সময়ের জন্য সম্পাদিত কাজের সাপেক্ষে আলো যেন অবশ্যই উপযুক্ত হয়; উপস্থিত কর্মীদের জন্য থাকা শৌচালয় পরিষেবা যেন অবশ্যই পরিচ্ছন্ন ও পর্যাপ্ত সংখ্যায় হয়, এবং তা যেন পুরুষ ও মহিলাদের জন্য পৃথক হয়। কোনো অযৌক্তিক বাধা ছাড়াই কর্মীদের যেন উপরে উল্লিখিতগুলিতে অবাধ প্রবেশাধিকার থাকে।

7.3. যদি কোম্পানী কর্মীদের থাকার বাসস্থান প্রদান করে, তাহলে ঐ বাসস্থানের ব্যাপারে স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক সমস্ত স্থানীয় আইনগুলি যেন মেনে চলা হয়। কর্মীরা যেন অবশ্যই তাদের নিজস্ব খাট ব্যবহার করতে পারেন এবং তাদের যেন সাধারণ ব্যবহারের জন্য থাকবার পর্যাপ্ত স্থান থাকে। পুরুষ ও মহিলাদের জন্য পৃথক স্বাস্থ্যবিধি কক্ষ এবং পরিষেবা যেন উপলব্ধ হয়, এটি ছাড়া কাজ-বহির্ভূত সময়ে ডর্মিটরি ছেড়ে যাওয়ার প্রয়োজন হয়। যে কোনো ক্যাফেটেরিয়া বা ক্যান্টিন যেন অবশ্যই পরিষ্কার ও আরামদায়ক হয়। কর্মীরা যেন অবশ্যই স্বাস্থ্য বিষয়ক সমস্ত আবশ্যকতা মেনে চলেন।

7.4. ভবন সুরক্ষা, যন্ত্রপাতি ব্যবহার এবং সাধারণভাবে কাজকর্ম বিষয়ে ঝুঁকির সনাক্তকরণ ও বিশ্লেষণ করার জন্য OVS সরবরাহকারীদের অবশ্যই কার্যপ্রণালী থাকতে হবে। ঝুঁকি বিশ্লেষণের সাপেক্ষে বিশেষ আপৎকালীন পরিকল্পনা এবং সাথে হস্তক্ষেপ ও স্থান খালি করার পদ্ধতি যেন অবশ্যই সংজ্ঞায়িত হয়।

7.5. কোনো প্রকার বাধা ছাড়া ভালোভাবে চিহ্নিত এবং আলোকিত আপৎকালীন প্রস্থানপথ অবশ্যই থাকতে হবে।

---

[6] *ILO* কনভেনশন *155, OHSAS 18001*

7.6. সমস্ত কারখানায় কোথায় নিরাপত্তা উপকরণ আছে সে সম্বন্ধে সমস্ত কর্মীকে অবশ্যই অবহিত করতে হবে। নিয়মিত ভাবে স্থান খালি করার অনুশীলন অবশ্যই করতে হবে, যা পূর্ব- নির্ধারিত সময়সূচি অনুসারে হতে হবে, যেটির কাজকর্ম যে কোনো সময়ে সুনিশ্চিত করতে হবে।

7.7. স্বাস্থ্য এবং নিরাপত্তার বিষয়টি অবশ্যই কোনো সিনিয়র ম্যানেজারের দায়িত্বে দিতে হবে, যিনি নিরাপদ কাজের পরিবেশ এবং কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা সুনিশ্চিত করেন।

7.8. OVS সরবরাহকারীরা অবশ্যই বিপজ্জনক ভবনে বা কোনো সঙ্গতি-হীন যন্ত্র নিয়ে কাজ করবেন না। যে সমস্ত কর্মীরা সম্ভাব্য বিপজ্জনক উপকরণ ব্যবহার করেন তাদের অবশ্যই উপযুক্ত প্রশিক্ষণ পেতে হবে।

7.9. স্থানীয় আইন এবং শিল্পক্ষেত্রের মানদন্ডের সাপেক্ষে, কোনো প্রকার অতিরিক্ত মূল্য ছাড়াই, OVS সরবরাহকারীরা অবশ্যই কর্মীদের জন্য ব্যক্তিগত সুরক্ষা উপকরণ প্রদান করবেন। কাজের সময়ে সমস্ত কর্মী অবশ্যই বাধ্যতামূলকভাবে সুরক্ষা উপকরণ ব্যবহার করবেন।

7.10. প্রতিটি কারখানায় অবশ্যই প্রাথমিক-চিকিৎসার উপকরণ মজুত থাকতে হবে এবং প্রয়োজনে প্রাথমিক-চিকিৎসা প্রদানের জন্য কিছু ব্যক্তির প্রশিক্ষণ থাকতে হবে।

7.11. যে সমস্ত দেশে কার্যক্ষেত্রে অ্যাক্সিডেন্ট থেকে সুরক্ষা দেওয়ার জন্য সরকারি সুরক্ষা বিভাগ আছে, সেখানে কাজের সময়ে কোনো অ্যাক্সিডেন্ট হলে তার চিকিৎসাগত খরচ অবশ্যই সরবরাহকারী প্রদান করবে।

**8.** জনসমাজ

**8.1.** সমস্ত OVS সরবরাহকারীদের স্থানীয় কার্যকলাপ এবং সাধারণভাবে তাদের ক্রিয়াকলাপের সামাজিক এবং পরিবেশগত প্রভাবের নিরীক্ষণের জন্য জায়গাটিতে পদ্ধতি থাকতে হবে। উৎপাদন স্থলগুলিতে অর্থনৈতিক উন্নতিকরণের মাধ্যমে অবদান রেখে, স্থানীয় জনসমাজের মধ্যে ইতিবাচক প্রভাব তৈরির ব্যাপারে আমাদের লক্ষ্যটি বিনিময় করার দায়িত্ব OVS সরবরাহকারীদের আছে। সকল OVS সরবরাহকারী এবং তাদের কর্মচারী যে স্থানীয় সম্প্রদায়ের সাথে মেলামেশা করে তাদের দ্বারা আয়োজিত কোনো সামাজিক এবং পরিবেশগত দাতব্য উদ্যোগগুলিতে নিজেদের সহায়তা প্রদান করে যাতে অংশগ্রহণ করে সেইজন্য তাদের উতসাহ দেওয়া হয়।

## পরিবেশ

প্রতিটি প্রয়োগগত কাজকর্মের প্রভাবগুলির উপরে নিরন্তর নজর রেখে, কীভাবে কারও প্রতিদিনকার কাজের সকল দিকগুলির প্রতি আচরণ পরিবেশের উপরে প্রভাব ফেলে সে সম্পর্কে অবগত থাকা একটি মূল বিষয়।

প্রতিটি প্রক্রিয়া বা উৎপাদনের কাজকর্মে অবশ্যই নিম্নলিখিত উদ্দেশ্যগুলি থাকতে হবে:

a. দুর্লভ প্রাকৃতিক সংস্থান ইত্যাদির ব্যবহারে আরও বেশি দক্ষতা অর্জন করা, যা নবায়ন যোগ্য বা বদ্ধ চক্র সংস্থান বা পদার্থগুলির ব্যবহারে আনুকুল্য দেখায়।

b. অপচয়ী উৎপাদন কম করা এবং যে সমস্ত রাসায়নিক ব্যবহারে মানুষ এবং পরিবেশের ক্ষতি হয় তার ব্যবহার কম করা।

C. প্রাকৃতিক বাস্তুতন্ত্রের সংরক্ষণ ও পুনরুদ্ধারে অবদান রাখা।

**9.** পরিবেশগত প্রভাব

9.1. যে সমস্ত দেশে OVS কাজ করে সেখানের পরিবেশ সুরক্ষা সংক্রান্ত সমস্ত প্রয়োজ্য আইন এবং বিধিনিয়মগুলি এটির সরবরাহকারীদের অবশ্যই মেনে চলতে হবে।

9.2. কারখানা এবং প্লান্টগুলিকে তাদের শক্তি ও প্রাকৃতিক সংস্থানগুলির ব্যবহারের উপর নিরন্তর নজর রাখতে হবে, এবং অবশ্যই পরিবেশের উপরে নেতিবাচক প্রভাবগুলি ধীরে ধীরে হ্রাসের জন্য লক্ষ্য স্থির করতে হবে।

9.3. OVS সরবরাহকারীদের অবশ্যই পরিবেশের উপরে প্রভাব কমে এমন প্রযুক্তিতে, নবীকরণযোগ্য শক্তির উৎপাদনের জন্য ব্যবস্থাগুলিতে বিনিয়োগ করতে হবে, এবং উৎপাদিত বস্তুর পুনর্ব্যবহারযোগ্যকরণ, পুনঃব্যবহার এবং দীর্ঘ মেয়াদী আয়ু সুনিশ্চিত করার জন্য বস্তু ও উৎপাদন প্রক্রিয়াগুলির উপরে কাজ করে, OVS-এর সাথে একত্রে ইকো-ডিজাইন দর্শন প্রচার করতে হবে।

9.4. তাপশক্তি উৎপাদন করতে নতুন সিস্টেম ইনস্টল করার প্রয়োজনীয়তার ক্ষেত্রে, OVS সরবরাহকারীদের ফসিলস ফুয়েল (উদাঃ, বয়লার, জেনারেটর ইত্যাদি) জ্বালানোর মাধ্যমে অপারেট করে নতুন সিস্টেম ইনস্টল করা উচিত নয়।

**10.** রাসায়নিক এবং বিপজ্জনক পদার্থসমূহ

10.1. উৎপাদন প্রক্রিয়ায় অন্য বিকল্প পদ্ধতি উপলভ্য থাকলেও, কোনোরকম ভোজনযোগ্য উপাদান, রাসায়নিক এবং বিষাক্ত পদার্থ বা বিপজ্জনক পদ্ধতি ব্যবহার করা যাবে না।

10.2. রাসায়নিক আধারগুলিতে অবশ্যই সতর্কবার্তা লেখা লেবেল থাকবে, এবং তার সাথে তথ্যাবলী এবং ব্যবহারের সুস্পষ্ট নির্দেশ থাকবে। আধারগুলি থেকে কোনো সম্ভাব্য রাসায়নিক ছিটিয়ে পড়া বাঁচাতে সেগুলিকে ভাল অবস্থায় রাখতে হবে, কোনো আপৎকালীন ক্ষতি থেকে বাঁচাতে বেড়া দিয়ে সুরক্ষিত রাখতে হবে। যে সমস্ত ব্যক্তি এই সব পদার্থ ব্যবহারের জন্য অনুমোদিত তাদের অবশ্যই এই সকল পদার্থের সঠিক ব্যবহারের উপরে পর্যায়ক্রমে প্রশিক্ষণ দিতে হবে।

10.3. প্রত্যেক OVS সরবরাহকারীকে ZDHC-এর দ্বারা প্রকাশিত mRSL নথি, যা https://mrsl.roadmaptozero.com/mrsl/MRSL2_0-এ উপলভ্য রয়েছে, সেখানে উল্লেখ করা

রাসায়নিক পদার্থের ব্যবহার এড়িয়ে চলতে হবে বা যতটা সম্ভব কম ব্যবহার করতে হবে। প্রত্যেক সরবরাহকারীকে কমপক্ষে ছয় মাস অন্তর, কোনো অনুমোদিত ল্যাবরেটরি পরিচালিত প্রোগ্রামের মাধ্যমে বর্জ্য জলের মধ্যে এই ধরনের রাসায়নিকের সম্ভাব্য উপস্থিতি পরীক্ষা করতে হবে। সেখানে এক বা একাধিক নিষিদ্ধ পদার্থ পাওয়া গেলে, OVS সরবরাহকারীর সাথে বিকল্প পদ্ধতি বা রাসায়নিক শনাক্ত করার কাজ চালিয়ে যায়।

**11.** বর্জ্য ব্যবস্থাপনা

11.1. বর্জ্য প্রক্রিয়াকরণ এবং নিষ্পত্তি যেন অবশ্যই পরিবেশের উপরে প্রভাব না ফেলে, এবং জল, বায়ু এবং মাটি দূষণ এড়িয়ে চলে। বর্জ্যকে অবশ্যই, দায়িত্বশীল ভাবে সামলাতে হবে, এবং স্থানীয় প্রযোজ্য আইন মেনে চলতে হবে। মজুত করার জায়গাগুলি যেন অবশ্যই সুরক্ষিত হয় এবং নিয়মিতভাবে নিয়ন্ত্রিত হয়। পুনর্ব্যবহারের সম্ভাবনার ভিত্তিতে বর্জ্য পদার্থগুলিকে অবশ্যই বিভাগ অনুসারে পৃথক করতে হবে।

11.2. যে সমস্ত কর্মী বিপজ্জনক বর্জ্য পদার্থ নিয়ে কাজ করেন তাদের বিপজ্জনক বর্জ্য পদার্থের সাথে যুক্ত ঝুঁকি, এবং কীভাবে এইসব পদার্থের অযথাযথ ব্যবস্থাপনা থেকে নিজেকে ও পরিবেশকে বাঁচাতে হবে সে ব্যাপারে তাদেরকে পরিস্থিতিগুলির সম্মুখীন করতে হবে।

**12.** জল ব্যবস্থাপনা

12.1 জল একটি মূল্যবান প্রাকৃতিক সম্পদ যা দুর্লভ হতে পারে। **OVS** সরবরাহকারীরা আশা করছেন যে কেবলমাত্র জলের ব্যবহার কমবে তা নয়**,** তবে সমস্ত শ্রমিকের নিরাপদ ও সুরক্ষিত পানীয় জলের গ্যারান্টি দিয়ে**,** জলকে দায়িত্বের সাথে ব্যবহার করার লক্ষ্যে সমস্ত উদ্যোগ গ্রহণ করা হবে। **OVS** সরবরাহকারীদের দক্ষ সিস্টেম এবং রক্ষণাবেক্ষণের পাশাপাশি জল পুনর্ব্যবহারের সুযোগ তৈরির লক্ষ্য রাখতে হবে।

12.2 উৎপাদন প্রক্রিয়ায় (রং করা, ধোয়া, ফিনিশ করা) যে বর্জ্য জল তৈরি হয় তার নির্গমন করার আগে অবশ্যই প্রক্রিয়াকরণ করতে হবে, যাতে পরিবেশের কোনো ক্ষতি না হয়।

12.3 স্থানীয় আইন অনুসারে, বর্জ্য জল নির্গমনের উপরে নজর রাখার জন্য OVS সরবরাহকারীদের অবশ্যই একটি ব্যবস্থা থাকতে হবে।

12.4 যেখানে বর্জ্য জল পরিশোধনের প্ল্যান্ট থাকে, সেখানে বৃষ্টির জলকে শুধুমাত্র একটি বিশেষ ভাবেই প্রবাহিত করা যেতে পারে যাতে তা কোনোভাবেই পরিশোধন প্রক্রিয়ার সাথে মিশে না যায়। এছাড়াও, কর্মস্থলে থাকা পরিশোধন প্ল্যান্টকে যথাযথভাবে চালানোর জন্য প্রয়োজনীয় প্রক্রিয়াসমূহ, উপকরণ এবং পরীক্ষা সংক্রান্ত জ্ঞান কর্মচারীদের থাকতে হবে।

**13** বায়ুমন্ডলে নির্গমন

13.1 আইন এবং স্থানীয় বিধিনিয়ম অনুসারে, স্বচ্ছভাবে সমস্ত নির্গমনগুলির উপরে নজর রাখতে এবং সেগুলির ব্যবস্থাপনা করতে হবে।

13.2 OVS সরবরাহকারীগণকে সমস্ত নির্গমনের উৎসগুলি সংক্রান্ত লিখিত, সম্পূর্ণ, নিভুল এবং বিশ্বাসযোগ্য রসদের তালিকা তৈরি করতে হবে, যেখানে প্রতিটি প্রকার দূষণকারকের সনাক্তকরণ এবং পরিমাণ দেওয়া থাকবে।

13.3 বায়ুমন্ডলে নির্গমনের উৎসের সাথে অবশ্যই নিয়ন্ত্রক উপকরণ লাগাতে হবে যাতে নির্গমনের আগে দূষিত পদার্থগুলিকে বের করে বা ফিল্টার করে নেওয়া যায়।

**14** অঞ্চলটির উপরে পরিবেশগত প্রভাব

14.1 স্থানীয় বিধিনিয়ম ও আইন অনুসারে, ভবনগুলিকে অবশ্যই এমনভাবে তৈরি বা নবীকরণ করতে হবে যাতে সেগুলি যথাযথভাবে স্থানটির অভ্যন্তরে অখন্ডভাবে থাকে, তা প্রাকৃতিক বা কৃত্রিম যাই হোক না কেন, যাতে অঞ্চলটি এবং এর বসবাসকারীদের কোনো ক্ষতি না হয়।

14.2 অঞ্চলটিতে একটি ইতিবাচক প্রভাব ফেলার ব্যাপারে আমাদের লক্ষ্যটি OVS সরবরাহকারীদের অবশ্যই ভাগ করে নিতে হবে। স্থানীয় জনসমাজের দ্বারা আয়োজিত সামাজিক ও পরিবেশগত ক্রিয়াকলাপে নিজেদের সহায়তা প্রদান করে অংশগ্রহণ করার জন্য সমস্ত সরবরাহকারীকে আমন্ত্রণ জানানো হচ্ছে।

**15** অধিকতর টেকসই উপাদান

15.1 উপাদানগুলি চয়ন করার সময়ে (কাঁচামাল, উপভোগ্য সামগ্রী, অফিসে ব্যবহার্য সামগ্রী, ইত্যাদি), সরবরাহকারীদের অবশ্যই এমন বিকল্পের সন্ধান করতে হবে যেগুলির দ্বারা পরিবেশের উপরে অপেক্ষাকৃত কম প্রভাব পড়ে, এবং সুনিশ্চিত করতে হবে যে এই উপাদানগুলি এই আচরণ বিধি মেনে প্রস্তুত করা হয়েছে।

15.2 প্রাণীজাত পদার্থ চয়ন করার সময়ে সরবরাহকারীদের অবশ্যই নৈতিক দৃষ্টিকোণ থেকে মূল্যায়ন করতে হবে, এমন বিকল্পকে আনুকুল্য দিতে হবে যেগুলি তৈরি করতে প্রাণীদের শোষণ করা হয় নি। যখন প্রাণীজাত পদার্থ ব্যবহার করা হয়, শুধুমাত্র খাদ্য হিসাবে ব্যবহারের জন্য প্রক্রিয়াকরণের মূল উৎসকে অবশ্যই সার্টিফিকেট দিতে হবে, এবং তাদের উপর সকল প্রকার উৎপীড়ন করা থেকে বিরত থাকুন (যেমন জ্যান্ত অবস্থায় ছাল ছাড়ানো) [7]

[7] দায়িত্বশীল উল স্ট্যান্ডার্ড, দায়িত্বশীল ডাউন স্ট্যান্ডার্ড

## মান্যতা এবং স্বচ্ছতা

সমস্ত কাজকর্মগুলি সম্পাদনের জন্য বিধিনিয়ম মেনে চলা একটি বাধ্যতামূলক আবশ্যকতা।
সমস্ত কোম্পানী যারা OVS-এর সাথে যুক্ত তাদের অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে তাদের নিজেদের কাজকর্মের সাথে সম্পর্কযুক্ত বিভাগটিতে যেন আইন ও বিধিনিয়ম সম্পূর্ণরূপে ও কঠোরতার সাথে মান্য করা হয়। OVS-এর ক্ষেত্রে, পুঙ্খানুপুঙ্খরূপে ও মন থেকে আইন মেনে কার্যসম্পাদন করা অত্যাবশ্যক।
স্বার্থের দ্বন্দ্ব তৈরী করে এমন সমস্ত অবস্থা এড়িয়ে চলতে হবে, ব্যক্তিগত স্বার্থের আগে কোম্পানীর মূল্যবোধকে স্থান দিতে হবে। সম্ভাব্য দ্বন্দ্বের পরিস্থিতি দেখা দিলে, তা অবিলম্বে রিপোর্ট করা উচিত।
যারা OVS-এর সাথে কোনোভাবে কাজ করে বা সহযোগ গড়ে তোলে, আশা করা হয় যে তারা সঠিক ও সৎভাবে আচরণ করবে, আইন মেনে চলবে এবং আমাদের মৌলিক মূল্যবোধের উপরে সম্পূর্ণ শ্রদ্ধা রেখে পরস্পরের সাথে ভাব বিনিময় করবে।

**16** মান্যতা

16.1 OVS সরবরাহকারীদের অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে তাদের সমস্ত ক্রিয়াকলাপ যেন তারা যে দেশে কাজ করেন সেখানের জাতীয় আইন মেনে চলে; এইখানে থাকা কোনো বিধান যদি কোনোভাবে সরবরাহকারীর দেশের জাতীয় আইনের পরিপন্থী হয়, তাহলে জাতীয় আইনই অগ্রাধিকার পাবে।

16.2 সরকারি কর্তৃপক্ষ এবং তত্ত্বাবধায়ক সমিতিগুলির সাথে স্বচ্ছ ও সহযোগিতাপূর্ণ আচরণ বজায় রেখে, OVS সরবরাহকারীদের অবশ্যই আইনটিকে পুঙ্খানুপুঙ্খরূপে ও মন থেকে মেনে চলতে হবে এবং একইসাথে কর, শুল্ক, সংস্থাগত ও দেওয়ানি আইন বিষয়ক এটির বিধিনিয়ম মেনে চলতে হবে। ট্যাক্স এড়িয়ে চলার জন্য কর্পোরেট গঠনের ব্যবহার নিষিদ্ধ।

**17** দুর্নীতি

17.1 কোনোপ্রকার দুর্নীতি, চাঁদাবাজি বা আত্মসাৎ করার কার্যভ্যাসে জড়িত না হওয়া বা সহ্য না করার দায়িত্ব সরবরাহকারীদের উপর বর্তায়। তারা তাদের ব্যবসার অংশীদারদের বেআইনী পারিতোষিক দিতে বা তাদের থেকে তা নিতে পারবেন না। OVS সরবরাহকারীগণ অবশ্যই তাদের কর্মচারীদের প্রয়োজনীয় পন্থাগুলি প্রদান করবেন যাতে কর্মস্থলে কোনো সন্দিগ্ধ অস্বাভাবিকতা বা সম্ভাব্য বেআইনি কাজকর্ম সম্পর্কে রিপোর্ট করা যায়।

**18** স্বচ্ছতা এবং সহযোগিতা

18.1 কাঁচামালের ব্যবহার, প্রক্রিয়া, এবং ব্যবসায়িক কর্মসম্পাদনের প্রসঙ্গে OVS-এর সাথে তথ্য বিনিময় করার দায়িত্ব সরবরাহকারীদের আছে। সাধারণ লক্ষ্য হল সমগ্র মূল্যবোধ শৃঙ্খল জুড়ে আমাদের পণ্যগুলির অর্থনৈতিক, পরিবেশগত ও সামাজিক কার্যসম্পাদনের উন্নতি করার সুযোগগুলিকে সনাক্ত করতে সমর্থ হওয়া।

18.2 OVS-এর সহযোগিতায় স্থাপিত সুনির্দিষ্ট উন্নতি পরিকল্পনাগুলিকে কার্যে পরিণত করতে ও নজরদারী করতে OVS সরবরাহকারীরা বাধ্য, যাতে পরিবেশগত ও সামাজিক স্থায়িত্ব বজায় রাখার কার্যভ্যাসগুলিকে ধারাক্রমে উন্নত করা যায়।

18.3 OVS সরবরাহকারীরা পূর্বের অনুমোদনের জন্য সাবকন্ট্রাক্টর বা গৃহকর্মীদের যে কোনও ব্যবহার (ইউজেস) জমা দেওয়ার জন্য, যেখানে প্রতিটি পণ্য তৈরি করা হয় সেখানে সর্বদা OVS-কে অবহিত রাখতে বাধ্য হয়।

**19** হিসাব পরীক্ষা

19.1 পণ্য উৎপাদনকারী কারখানা, এবং একই সাথে এটির উপ-ঠিকাদার বা উপ-সরবরাহকারীদের অবস্থানগুলিতে বিনা নোটিশে যে কোনো সময়ে হিসাব পরীক্ষা সম্পন্ন করার অধিকার OVS সংরক্ষিত রাখে। এই নিয়ন্ত্রণটি প্রত্যক্ষভাবে অথবা OVS-এর দ্বারা নিয়োজিত একটি স্বাধীন তৃতীয় পক্ষের সাহায্যে সম্পাদিত হতে পারে যাতে সকল চুক্তিবদ্ধ শর্তাবলী, এবং সাথে এই আচরণ বিধি যে সরবরাহকারী মেনে চলেন তা সুনিশ্চিত করা যায়।

19.2 সরবরাহকারীকে অবশ্যই OVS-এর দ্বারা নিয়োজিত ব্যক্তিদেরকে এটির সাথে সম্বন্ধযুক্ত কোম্পানীগুলির এবং একই সাথে এটির উপ-ঠিকাদার বা উপ-সরবরাহকারীদের ভবনে, কারখানায় প্রবেশের, যন্ত্র, নথি, হিসাবের বই এবং কোম্পানীর রেকর্ডগুলি পাওয়ার অবাধ অধিকারের অনুমতি দিতে হবে। ওইসকল কার্যভারপ্রাপ্ত ব্যক্তিকে তাদের নজরদারীমূলক কাজকর্ম করার এবং হিসাব পরীক্ষার উদ্দেশ্যে সকল প্রাসঙ্গিক নথিপত্র রক্ষণাবেক্ষণ করার জন্য সকল প্রয়োজনীয় সহায়তা অবশ্যই প্রদান করতে হবে।

19.3 যদি ফলাফলগুলি সম্পূর্ণ মান্যতা প্রদর্শন করে তাহলে OVS-কে হিসাব পরীক্ষা করার খরচের ভার নিতে হবে। যদি ফলাফলগুলি অ-মান্যতা প্রদর্শন করে, তাহলে প্রতিটি অনুসরণমূলক হিসাব পরীক্ষার খরচের ভার সরবরাহকারীর উপর বর্তাবে যতক্ষণ পর্যন্ত না সর্বসম্মতিতে আসা সংশোধনী পরিকল্পনাগুলি সম্পূর্ণরূপে কার্যে রূপায়িত হয়।

**20** বিধিটির প্রয়োগ

20.1 OVS সরবরাহকারীদের অবশ্যই তাদের নিজেদের সরবরাহকারীদের মধ্যে এই নথিটি সম্পর্কে জ্ঞানের প্রসার ঘটাতে হবে। প্রত্যেক সরবরাহকারীর এটির উপঠিকাদার ও সরবরাহকারীদের আচরণ এবং একই সাথে সামাজিক ও পরিবেশগত প্রভাবের জন্য জামিনদার হিসাবে কাজ করা, এই বিধিটি মেনে চলে এমন বা আরো বেশি নিয়ন্ত্রণমূলক স্থিতিমাপগুলি অনুসারে তাদের ধারাক্রমে পর্যবেক্ষণ করা আবশ্যক।

20.2 যদি একজন সরবরাহকারী বিধিটির কোনো একটি বিষয় মেনে না চলেন, তাহলে এটি সম্পর্কে ই-মেল করে রিপোর্ট করা যায়: sustainability@ovs.it-এ। বিধিটির কোনো লঙ্ঘন সম্পর্কে স্থানীয় NGO-দের দ্বারা করা রিপোর্টগুলি সহ সকল রিপোর্টগুলি গুরুত্ব ও স্বচ্ছতার সাথে গ্রহণ করা, একই সাথে সনাক্ত করা লঙ্ঘনের জন্য যথাযথতা অনুসারে শাস্তিবিধান যাচাই ও নির্ধারণ করার প্রতি OVS অঙ্গীকারবদ্ধ। প্রাপ্ত তথ্য এবং সাথে সংবাদদাতার পরিচিতি গোপনীয় রাখা হবে।

20.3 OVS-এর সাথে যে কোনো ব্যবসায়িক সম্পর্ক এবং অংশীদারিত্ব গড়ে তোলা ও আরো নিবিড় করে তোলার জন্য এই বিধির অন্তর্ভুক্ত সকল নীতিসমূহের প্রতি শ্রদ্ধা প্রদর্শন একটি মৌলিক শর্ত। প্রতিবিধান পরিকল্পনা স্থির করা ছাড়া বিধিটিতে উল্লিখিত নীতিগুলি মান্য না করলে অবিলম্বে সংশোধনী পদক্ষেপ প্রযুক্ত হবে, এবং, পরিশেষে, OVS-এর সাথে ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন হবে এবং/বা উপযুক্ত কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা হবে।